[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী থানা পুলিশের এসআই শিমুল বিশ্বাস এসব তথ্য নিশ্চিত করে বলেন, আমরা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ছাতিয়ান ব্রিক ফিল্ড বাজার দিয়ে এক মাদক কারবারি ফেনসিডিল পাচার করছে। আমরা এমন সংবাদ পেয়ে সিভিল ড্রেসে আগে থেকেই অবস্থান করি। পরে ওই সড়ক দিয়ে একটি টিভিএস মেট্রো মোটরসাইকেল (গাড়ি নম্বর কুষ্টিয়া হ-১৩২৭৬০) যাওয়ার সময় ব্যারিকেড দিয়ে আটকাই এবং তল্লাশি চালিয়ে মোটরসাইকেলের সিট কভারের নিচে থরে থরে সাজানো ৪৫ বোতল ফেনসিডিল উদ্ধার করি।

পাচারের কাজে ব্যবহৃত মোটরসাইকেলটি জব্দ করে আসামিকে গাংনী থানায় নিয়ে আসা হয়েছে।

আটকের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া শেষে আদালতে সোপর্দ করা হবে।

মুজিবনগরে বিএডিসি সার ডিলারের ৫০ হাজার টাকা জরিমানা

চাষীদের কাছে সার বিক্রি না করে গুদাম থেকে অবৈধভাবে সার বাইরে লুকিয়ে রাখার অপরাধে মুজিবনগরের বিএডিসি সার ডিলার ওয়াহেদ ট্রেডার্সের মালিক উমাইয়া কুলসুমকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুর ১২টার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের বিএডিসি সার ডিলার ওয়াহেদ ট্রেডার্সে অভিযান পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল।

এ সময় বেশি দামে বিক্রয়ের জন্য বাইরে থেকে আনা মজুতকৃত ৫ বস্তা সার জব্দ করে সরকারি মূল্যে চাষীদের কাছে বিক্রয় করে দেওয়া হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল জানান, বিএডিসির ডিলার ওয়াহেদ ট্রেডার্সের মালিক চাষীদের কাছে সার বিক্রি না করে বাইরে অবৈধভাবে সরিয়ে রেখেছে এমন সংবাদ দারিয়াপুর গ্রামের চাষীদের ফোনকলের মাধ্যমে জানতে পারি।

চাষীদের এই গোপন সংবাদের ভিত্তিতে ওয়াহেদ ট্রেডার্সে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্টে ডিলারের মালিক উমাইয়া কুলসুম সত্যতা স্বীকার করলে ভোক্তা অধিকার আইনে তাকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। পরে মজুতকৃত ৫ বস্তা সার জব্দ করে সরকারি মূল্যে চাষীদের কাছে বিক্রয় করা হয়।

ভ্রাম্যমাণ আদালতে মুজিবনগর উপজেলা ভারপ্রাপ্ত কৃষি কর্মকর্তা রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাদক মামলায় এক আসামির জেল-জরিমানা

মেহেরপুরে মাদক রাখার অপরাধে মোঃ ফিরোজ রেজা ওরফে সুমনকে ১ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত। অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড দেওয়া হয়েছে।

আজ সোমবার দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় অভিযোগ প্রমাণিত হওয়ায় এ সাজা প্রদান করা হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০১৯ সালের এক অভিযানে গাংনী থানার এসআই মোঃ আব্দুল হক ফোর্সসহ সাহারবাটি বাজার এলাকায় দায়িত্ব পালনকালে গোপন সংবাদের ভিত্তিতে ভাটপাড়া ইকোপার্ক গেটের সামনে থেকে ফিরোজ রেজা ওরফে সুমনকে আটক করেন। তার খাকি রঙের প্যান্টের পকেট থেকে ৭ পিস গোলাপি রঙের ইয়াবা উদ্ধার করা হয়।

মামলার তদন্তকারী কর্মকর্তারা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। নথি ও সাক্ষ্য পর্যালোচনা শেষে আদালত এ রায় দেন। রায় ঘোষণার পর আসামিকে কারাগারে পাঠানো হয়েছে।

[redacted]

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অপরাজেয় বাংলাদেশ পত্রিকার সম্পাদক হওয়ায় ড. গাজী রহমানকে সংবর্ধনা প্রদান

মেহেরপুরের কৃতি সন্তান ড. গাজী রহমান অপরাজেয় বাংলাদেশ পত্রিকার সম্পাদক হিসেবে মনোনীত হওয়ায় নজরুল একাডেমির পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গত শুক্রবার (১৯ সেপ্টেম্বর) বিকাল সাড়ে চারটায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নবনিযুক্ত সম্পাদক, শিক্ষাবিদ, কবি ও গবেষক ড. গাজী রহমান। প্রধান অতিথি ছিলেন করমদি কলেজের অধ্যক্ষ ড. এমদাদুল হক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজরুল একাডেমীর সহ-সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহিদুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক শাহিনা আক্তার, নজরুল একাডেমির সাধারণ সম্পাদক আনিছুর রহমান মাস্টার।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি বালক বিদ্যালয়ের সাবেক শিক্ষক সুশীল কুমার, অক্সফোর্ড কিন্ডারগার্টেনের অধ্যক্ষ জানে আলমসহ জেলার শিক্ষক, কবি-সাহিত্যিক ও সাংস্কৃতিক ব্যক্তিবর্গ।

কাবাডি ও হ্যান্ডবলে উপজেলা চ্যাম্পিয়ন আমঝুপি বালিকা

বিদ্যালয়

৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় মেয়েদের কাবাডি ও হ্যান্ডবল উভয় খেলায় উপজেলা চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়।

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির আয়োজনে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত মেয়েদের কাবাডির ফাইনালে আমঝুপি বিদ্যালয় ১৬-১৫ পয়েন্টে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে উপজেলা শিরোপা জিতে নেয় এবং জেলা পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করে।

আজ রবিবার দুপুরে মেয়েদের হ্যান্ডবলের ফাইনালে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে হারিয়ে উপজেলা চ্যাম্পিয়ন হয়।

মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্টে নির্মাণ শ্রমিক আহত

মেহেরপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তারিক নামের এক নির্মাণশ্রমিক গুরুতর আহত হয়েছেন।

রোববার দুপুরে শহরের জার্মান বাংলা এলাকায় সেলিম নামের এক ব্যক্তির পাঁচতলা নির্মাণাধীন ভবনে রড বাঁধাইয়ের কাজ করার সময় এ ঘটনা ঘটে।

আহত তারিক সদর উপজেলার গোভীপুর গ্রামের দক্ষিণপাড়ার মৃত খোকনের ছেলে।

জানা গেছে, ভবনের রড বাঁধাইয়ের কাজ করার সময় অসাবধানতাবশত রড বিদ্যুতের মেইন লাইনের সংস্পর্শে এলে তারিক বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হন। পরে অন্যান্য শ্রমিক ও স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। তার শরীরের বেশ কিছু অংশ

পুড়ে যাওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে ঢাকা বার্ন ইউনিটে রেফার করেন।

মেহেরপুরের বর্ষিয়ান রাজনীতিবিদ কমরেড জালাল উদ্দিন আর নেই

মেহেরপুরে বর্ষিয়ান রাজনীতিবিদ কমরেড জালাল উদ্দিন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ রবিবার দুপুর ১২টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ইপিছিপি, পরে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি এবং সর্বশেষ কমিউনিস্ট পার্টি অব বাংলাদেশ (সিপিবি)সহ বিভিন্ন দলের জেলা পর্যায়ে নেতৃত্ব দিয়েছেন। তিনি তিন দফা সিপিবি মেহেরপুর জেলা কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন।

তাঁর মৃত্যুতে সিপিবি মেহেরপুর জেলা কমিটি গভীর শোক প্রকাশ করেছে এবং একে সংগঠনের জন্য অপূরণীয় ক্ষতি হিসেবে উল্লেখ করেছে।

মুজিবনগরের বল্লভপুর হাসপাতাল ও পূজা মন্ডপ পরিদর্শনে জেলা

প্রশাসক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বল্লভপুর হাসপাতাল ও বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেছেন মেহেরপুরের জেলা প্রশাসক। গতকাল শনিবার বিকেল ৪টাই মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বল্লভপুর হাসপাতাল এবং বল্লভপুর পূজা মন্ডপ পরিদর্শন করেন মেহেরপুরের জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ আবদুল ছালাম।

তিনি বল্লভপুর হাসপাতাল পরিদর্শনের সময় হাসপাতালের বৃদ্ধাশ্রমে থাকা বৃদ্ধদের সার্বিক খোঁজখবর নেন এবং হাসপাতাল কর্তৃপক্ষের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং পরামর্শ দেন।

হাসপাতাল পরিদর্শন শেষে বল্লভপুর দাসপাড়া মন্দিরে যান এবং আগামী শারদীয় দুর্গাপূজার প্রস্তুতি সম্পর্কে খোঁজখবর নেন। এসময় উপস্থিত ছিলেন, জেলার অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব, শিক্ষা ও আইসিটি এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) তাজওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদ ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল।